

## তথ্য কমিশনে ২১-০৩-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০ টি অভিযোগের শুনানীশেষে ০৬ টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে রাজশাহীর গোদাগাড়ী পৌরসভার সহকারী কর নির্ধারক, জনতা ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক, যশোর বাঘারপাড়া উপজেলা মৎস কর্মকর্তা, ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী জেলা প্রশাসক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং লক্ষ্মীপুর চন্দ্রগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের প্রধান (পাবলিক রিলেশন বিভাগ), বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, ইসলামী ব্যাংক প্রধান কার্যালয়ের

এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট (হেড অব পাবলিক রিলেশন বিভাগ) এবং নোয়াখালী পৌরসভার সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

২১-০৩-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd